R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
শ্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মির্জাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৩শ বর্ষ. ১ম সংখ্যা
রঘুনাথগঞ্জ ৬ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৯৩ সাল। ২১শে মে ১৯৮৬ সাল।
নগদ মূল্য : ৩০ পয়সা বার্ষিক ১৫্ টাকা

বিশেষ সম্পাদকীয় ঃ

## জন্মদিনের প্রতিশ্রুতি

আপন আয়ুর কক্ষপথে দ্বিসপ্ততিতম বৎসর প্রদক্ষিণ করিয়া 'জঙ্গিপুর সংবাদ' ত্রিসপ্ততিতম বৎসরের বয়ঃসীমায় পদার্পণ করিল। মফঃস্বলের একটি সাপ্তাহিকের জীবনে ইহা নিঃসন্দেহে গৌরব এবং গর্বের বিষয়। বহু বাধা বিঘ্নের মধ্য দিয়া আপন প্রাণপ্রবাহকে বহমানা রাখিয়া নির্ভীক নিরপেক্ষ জনসেবা করিয়া চলিয়াছে—ইহা কম শ্লাঘ্য বস্তু নহে। দাদাঠাকুরের প্রদর্শিত মত ও পথ 'জঙ্গিপুর সংবাদের' চলার পথের মূলধন। তাঁহার আদর্শ তাহার জীবন পথের পরম পাথেয়। দাদাঠাকুর জীবন চর্চ্চায় এবং চর্য্যায় ছিলেন কোষ মুক্ত তরবারি। শাণিত বাক্যের আঘাতে অন্যায় এবং অসত্যের মুখোশ খুলিয়া দিতে কখনও পশ্চাদপদ ছিলেন না। বরং ইহাদের বিরুদ্ধে তিনি ছিলেন সোচ্চার এবং ইহার প্রতিকারের দাবীতে ছিলেন দৃপ্তকণ্ঠ এবং আপসহীন সংগ্রামী পুরুষ। দারিদ্রের সঙ্গে সংগ্রাম করিয়া সাংবাদিকতাকে শুধু বৃত্তি হিসাবেই গ্রহণ করেন নাই। সাংবাদিকতার মহান এবং পবিত্র আদর্শকে সর্বদা উচ্চাসনে প্রতিষ্ঠিত রাখিয়াছেন। বিবেককে জলাঞ্জলি দিয়া বিরুদ্ধ শক্তির দাসত্ব করেন নাই, কোন রক্তচক্ষুর শাসানিতে আপন কর্ত্তব্য কর্ম হইতে বিন্দুমাত্র সরিয়া আসেন নাই। কোন প্রকার লোভ লালসা প্রলোভন অথবা ভীতি সাংবাদিকতার আদর্শ হইতে তাঁহাকে পথভ্রষ্ট করিতে পারে নাই। সংবাদপত্র এবং সাংবাদিকতা ছিল তাঁহার নিকট সকল প্রকার তুচ্ছতা নীচতা স্তাবকতার অনেক উর্দ্ধে। স্বার্থান্বেষী ব্যক্তিদের পক্ষাবলম্বন করিয়া অনৃতভাষণ, অন্যায় অসত্যের পক্ষপুটে আশ্রয় গ্রহণ করিয়া ঢক্কানিনাদ ছিল তাঁহার আদর্শের পরিপন্থী। সাম্প্রতিক কালের সাংবাদিকতার দিকে একটু নজর দিলে দেখা যাইবে ইহা সহজলভ্য বাজারের বিপণন দ্রব্যের পর্য্যায়ে আসিয়া পৌঁছিয়াছে। কোন কোন সংবাদপত্রের কিছু কিছু তরুণ সাংবাদিক সাংবাদিকতার নামে কিছু আমলা এবং ক্ষমতাসম্পন্ন গোষ্ঠীর হাতের ক্রীড়নক হইয়া তাহাদের অন্যায় কুকর্মের পোষক হইয়া উঠিয়াছে। অন্যায়ের বিরুদ্ধে যেখানে কণ্ঠ নিনাদিত হয়না, অসত্যের বিরুদ্ধে যেখানে জিহ্বা প্রতিবাদ মুখর হয় না—সেখানে সংবাদপত্র প্রকাশ এবং সাংবাদিকতা করার মূল্য কতটুকু? সাংবাদিকতার ক্ষেত্রে সত্যের জুগুপ্সা বৃত্তি নিশ্চয়ই সমীচীন নয়। অন্যায়কে অন্যায় বলিবার মত সাহসিকতা এবং মানসিকতা যদি কাহারও না থাকে তবে সাংবাদিকতার ছদ্মবেশে স্তাবকতার কি প্রয়োজন আছে? স্তাবকতা অনৃতভাষিতা— কি সাংবাদিকতা? সমাজ জীবনের নানান স্তরে চলিয়াছে নানা রকমের কুৎসিত নোংরামি। অপসংস্কৃতির কবন্ধ আজ জীবনের অলিতে গলিতে। উৎকোচের দৌরাত্ম্য আজ সমাজের সর্বত্র। সাধারণ মানুষ আজ অত্যাচারে জর্জ্জরিত। অন্যায় অসত্যের যুপকাষ্ঠে বলি। আজ এই সমস্ত শোষিত মেহনতী মূক মানুষের পাশে আসিয়া তাহাদের অসুবিধার কথা যথাযথভাবে তুলিয়া ধরাই হইল সাংবাদিকের যথার্থ কর্ম। 'জঙ্গিপুর সংবাদ' কোন বিশেষ গোষ্ঠী বা সম্প্রদায়ের উমেদার নয়। নয় বলিয়াই তাহার চলার পথ কুসুমাস্তীর্ণ নয়। মাঝে মাঝে তাহার ভাগ্যে জুটিয়াছে—কায়েমী স্বার্থবাজদের গোপন আতাত, পুঁজিবাদী, ভ্রষ্টাচারী বণিক শ্রেণীদের আক্রোশ, আমলাতান্ত্রিক হুমকি, রাজনৈতিক দলীয় চেলাচামুণ্ডাদের শাসানি। তবুও তাঁহার গতি রুদ্ধ হয় নাই। আমলা ও প্রতিক্রিয়াশীলদের কোন অপপ্রয়াস পত্রিকার কণ্ঠকে রুদ্ধ করিতে পারে নাই। 'জঙ্গিপুর সংবাদ' যেখানেই

(৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## প্রত্যাশা ছিল অনেক কিন্তু অন্তর্বিরোধ জনগণকে নিরাশ করলো

বিশেষ সংবাদদাতা : পুর নির্বাচনে এবারই কংগ্রেস দল দলীয় প্রতীক নিয়ে নির্বাচনে নামলো। জঙ্গিপুরের জনগণের প্রত্যাশা ছিল অনেক কংগ্রেস দলের কাছে, কিন্তু তাদের অন্তর্বিরোধ সে প্রত্যাশা পূরণে ব্যর্থ হবে এ চিন্তায় জনগণকে নিরাশ করেছে। বিগত পাঁচ বছরে বামফ্রন্টের অন্তর্কলহের ফলে জঙ্গিপুর পুরসভার উন্নতি ব্যাহত হয়েছে। কাজের কাজ সে রকম কিছুই হয়নি। সংখ্যাগরিষ্ঠতা থাকা সত্ত্বেও তাদের প্রার্থীদের বিশ্বাসঘাতকতায় পুরশাসন নির্দলীয়দের হাতে গিয়ে পড়ে। ফলশ্রুতি সেই চিরকালীন বঞ্চনা। তারা নিজেদের স্বার্থপুষ্টি বা কোন কোন ক্ষেত্রে গোষ্ঠীর স্বার্থসিদ্ধি করাতেই ব্যস্ত রইলেন জনগণের ব্যাপক উপকার করার কথা ভুলে। এমনকি ওয়াটার সাপ্লাই স্থাপন নিয়ে ইচ্ছাকৃত জলঘোলা করার কাহিনী তো আজ কারোরই অজানা নয়। পাঁচ বছরের মধ্যে দুবার চেয়ার বদলানো শুধুমাত্র ব্যক্তিগত স্বার্থসিদ্ধির তাগিদে। বামফ্রন্টের জনদরদী নেতারাও বোকার মত স্বার্থান্বেষীদের হাতের পুতুল হয়ে নাচলেন। নির্দলীয় জোটের কৌশলে ততদিনে বামফ্রন্টের নেতারা কোণঠাসা হয়ে পড়েছেন। শরিক দল সি পি আই এর নির্বাচিত সদস্য দেবব্রত সাধু যোগ দিয়েছেন নির্দলীয় জোটে। আবার গদী বদল হলো। নির্দলীয় জোটের কৌশলে বামফ্রন্ট আরো সংখ্যা লঘিষ্ঠ হয়ে পড়লো। গদী থেকে উঠতে হলো তাঁদেরকে। দেবব্রতবাবু হলেন ভাইস চেয়ারম্যান। এই সময়ে চেয়ারম্যান হরিপ্রসাদ মুখার্জী মারা গেলেন। আবার শুরু হলো ভাঙ্গাভাঙ্গির খেলা। কিন্তু সূর্য্যনারায়ণ ঘোষাল, রাজারাম মুন্দ্রা সুকৌশলে তাঁদের জোটে বেঁধে রাখতে সমর্থ হলেন পরমেশ পাণ্ডেকে। তাঁকে চেয়ারম্যান করে (শেষ পৃষ্ঠায়)

## ধুলিয়ান পুর নির্বাচনে সি পি এম—আর এস পি অন্তর্দ্বন্দ্ব বাড়ছে

ধুলিয়ান থেকে এ সাংবাদ : মোট ৮৬টি মনোনয়ন পত্রের মধ্যে ১৭টি প্রত্যাহৃত হয়েছে। ধুলিয়ান পৌর সভার বর্ত্তমান চেয়ারম্যান ও কমিশনারগণ সকলেই প্রতিদ্বন্দ্বিতা করছেন। এই পৌর নির্ব্বাচনে মোট প্রার্থী সংখ্যা ৬৯, সরাসরি কংগ্রেস, ফরওয়ার্ড ব্লক, সি পি এমের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে ১০টি ওয়ার্ডে। বাকী আসন গুলিতে লড়াই হচ্ছে বহুমুখী। মোট আসন সংখ্যা ১৪। নির্ব্বাচনী বুথ ২০টি। ভোটার সংখ্যা ১৬১৭০। ১৪টি আসনের মধ্যে ফরওয়ার্ড ব্লক প্রার্থী ১৩ জন, কংগ্রেসের ১৪ জন, সি পি এমের ১০ জন, আর এস পির ১ জন, এস ইউ সির ৩ জন, বি জে পির ৯ জন, মুসলীম লিগের ৫ জন, সি পি আইয়ের ১ জন প্রার্থী এবং ১৩ জন নির্দল ও সি পি এম ও ফরওয়ার্ড ব্লকের একজন করে নির্দল সমর্থিত প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এখানে ফ্রন্টগতভাবে কোন আসন সমঝোতা হয়নি। তবে সি পি এম-আর এস পি ও সি পি আই গোপনে আসন সমঝোতা করে তাদের একটি করে আসন দিয়েছে। কিন্তু এদের বিরুদ্ধেও সি পি এমের ছদ্মবেশী প্রার্থীর সন্ধান পাওয়া গিয়েছে। এ ব্যাপারে স্থানীয় আর এস পি নেতা কমঃ নন্দলাল সরকার গত ৩০ এপ্রিল অভিযোগ জানালে সি পি এম জানিয়েছে ওঁদের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। এদিকে বেশ কিছু বিক্ষুব্ধ কংগ্রেস প্রার্থী নির্দল প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করছেন। নেতৃত্বের নির্দেশ অমান্য করে এখনও তাঁরা সরে দাঁড়াননি।

ডায়মণ্ড বেকারী
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ভ্যারাইটিজ পাউরুটি ও বিস্কুট
প্রস্তুতকারক

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৬ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৯৩ সাল

## ২৫ বৈশাখে কিছু অন্য চিন্তা

শ্রীবরুণ রায়

গুরুদেব রবীন্দ্রনাথের ১২৫ বর্ষপূর্ত্তি উৎসবে সারাদেশে আজ রবীন্দ্র জন্মোৎসব পালিত হচ্ছে। বাঙ্গালীর জীবনে দুর্গোৎসবের পরই রবীন্দ্র জন্মোৎসবের স্থান। দীর্ঘ এক শতাব্দী-কাল ধরে বাঙ্গালীর শিল্প, সাহিত্য, সঙ্গীত, চিন্তা ও মনন, বাঙ্গালীর সকল শুভ কর্ম প্রচেষ্টা রবীন্দ্র ভাবনা থেকে প্রাণরস আহরণ করেছে। রবীন্দ্রনাথের কাছে বাঙ্গালীর ঋণের কোন পরিসীমা নাই।

সাধারণ শিক্ষিত বাঙ্গালী প্রধানতঃ রবীন্দ্র প্রতিভার নান্দনিক সোনালী ফসল নিয়েই তৃপ্ত থেকেছে। রবীন্দ্রনাথের গান, কবিতা, নৃত্যনাট্য ও ছোট গল্পের আবেদনই আমাদের কাছে সবচেয়ে বেশি। রবীন্দ্র সংগীতের সুর, ছন্দ, চিত্রকল্প, ভাবব্যঞ্জনা বাঙ্গালী মানসকে গভীরভাবে নাড়া দেয়। রবীন্দ্রনাথের জন্যই বাঙ্গালী আজ গানের রাজা। রবীন্দ্রনাথকে বাদ দিয়ে বাঙ্গালী বা বাংলাভাষার কথা ভাবাই যায় না। আজ সারা দেশ জুড়ে যে কবি প্রণামের আয়োজন হয়েছে তা আমাদের গঙ্গাজলে গঙ্গাপূজা। রবীন্দ্রনাথের গান, কবিতা, নৃত্যনাট্য দিয়েই কবিপূজা।

কিন্তু এতো আমাদের অন্ধের হস্তীদর্শন। রবীন্দ্র মনীষার ফসল বহুবিস্তীর্ণ দিগন্তলীন প্রান্তরে ছড়িয়ে আছে। রবীন্দ্রনাথ তো শুধু কবি নন। তিনি স্বপ্নদ্রষ্টা, চিন্তাবীর, শিক্ষাবিদ্‌, সংগঠক ও জীবনশিল্পী। হাজার হাজার বছর ধরে মানবসভ্যতা যে অমৃতরস সঞ্চার করেছে রবীন্দ্রমননে তার ঘনীভূত নির্যাস আমরা পেয়েছি। পুণ্যভূমি ভারতবর্ষের সত্যদ্রষ্টা ঋষিরা মানবমনের দেবত্বের অভিমুখী যে জীবন দর্শনের বাণীর উত্তরাধিকার আমাদের জন্য রেখে গেছেন তার সঙ্গে সারা পৃথিবীর শ্রেষ্ঠ মনীষার সমাহার ঘটিয়ে রবীন্দ্রনাথ তাঁর ধ্যানের ভারতকে রূপদান করতে চেয়েছেন। গুরুদেব সেখানে জীবনশিল্পী—ভাবুক ও কর্মযোগী। আমাদের শিক্ষা ব্যবস্থা, গ্রাম সংগঠন, জাতীয় সাধনা, জাতীয় চেতনা ও চিন্তার পুনর্বিন্যাস—কোথায় না তাঁর পায়ের ছাপ পড়েছে!

স্বপ্ন রাজ্যের কবিকল্পনায় মগ্ন না থেকে রবীন্দ্রনাথ জাতীয় জীবনের ধূসর রুক্ষভূমিতে নেমে এসেছেন। তাঁর স্বপ্নের ভারতবর্ষের ভিত্তিভূমি গড়তে হলে ভারতবর্ষের নির্জীব গ্রামগুলিতে প্রাণসঞ্চার করতে হবে। আমাদের দেশে তিনিই প্রথম সার্থকভাবে এদিকে সকলের দৃষ্টি আকর্ষণ করেছেন। এবং বাক্যবাগীশ দেশ নেতাদের মত নিষ্ফল বাণীবর্ষণ না করে ভারতবর্ষে তিনিই প্রথম গ্রাম সংগঠনের কাজে নেমে পড়েছেন। শিক্ষাক্ষেত্রেও সেই একই কথা। বিশ্বভারতীর শান্তিনিকেতন ও শ্রীনিকেতনের মধ্যে তাঁর সেই কর্মোদ্যোগ রূপ পেয়েছে।

এই চিন্তাবীর রবীন্দ্রনাথ, কর্মী রবীন্দ্রনাথকে আমরা কজন চিনি? তাঁর চিন্তার শ্রেষ্ঠ ফসল যে বিপুল বিশাল প্রবন্ধ সাহিত্যের মধ্যে বিধৃত রয়েছে কজন শিক্ষিত বাঙ্গালী অভিনিবেশসহকারে তা পড়েছেন বা তাঁকে হৃদয়ঙ্গম করার চেষ্টা করেছেন? রবীন্দ্রনাথের মননশীলতা ও গঠনকর্ম থেকে নিজেদেরকে দূরে রেখে শুধু নাচগান আবৃত্তি করে রবীন্দ্র ভক্ত হওয়া যায় না, জাতীয় জীবনের এই পরমলগ্নে সার্থক রবীন্দ্রপূজা সমাধা হয় না।

অপসংস্কৃতির প্রবল প্লাবনে বাঙ্গালীর যুবমানস আজ বিভ্রান্ত। গভীর চিন্তা বা মননের শক্তি আজ অবসিত। বাঙ্গালী যুবকদের আজ রবীন্দ্রনাথের সুবিপুল প্রবন্ধ সাহিত্যের দিকে নজর ফেরাতে হবে, রবীন্দ্র চিন্তার অংশভাব্‌ হতে হবে। জাতীয় জীবনের গঠনকর্মে ব্রতী হওয়ার সাধনায় ২৫শে বৈশাখের পুণ্য দিনে সেই হবে রবীন্দ্র পূজার সার্থক নিবেদন।

## মৃত্যুহীন প্রাণ

সাধনকুমার দাস

রবীন্দ্রনাথের জন্মদিনে বেশি করে মনে পড়ছে তাঁর মৃত্যুবিষয়ক গানগুলির কথা। অজস্র গান, কবিতা আর ফুলের সৌরভে যখন তাঁর জন্মলগ্নটি মুখর হয়ে ওঠে, ঠিক তখনই মনে হয়—যাঁর হৃদয়সুধায় গানের পেয়ালা এমনি করে উপচে পড়েছিল, সেই রবীন্দ্রনাথ আর নেই, কোন এক বাইশে শ্রাবণ তাঁকে ছিনিয়ে নিয়ে গেছে মহাকালের অনন্ত তমিস্রায়। তবু সোনার তরী কানায় কানায় পূর্ণ করে কথা আর সুরের যে বিপুল ঐশ্বর্যসম্ভার তিনি কালের স্রোতে ভাসিয়ে দিয়েছেন, তা অনন্তদিন সুগন্ধে ভরিয়ে রাখবে উত্তরপ্রবাহের কূল-উপকূল। তাঁর গানের কথায় বেদমন্ত্র আর সুরের অপূর্ব নির্যাস যখন আমাদের মর্মের গভীরে গোপন বীণার তারে স্পন্দিত হয়, তখন যেন সত্যিই এক উদার আকাশ আমাদের চেতনাকে আলোয় ভরে দেয়। সঙ্কীর্ণতা ঘুচে গিয়ে সেই সুর গুঞ্জন তোলে আপনিই—'তোমার অসীমে প্রাণমন লয়ে যতদূর আমি ধাই/কোথাও দুঃখ, কোথাও মৃত্যু, কোথা বিচ্ছেদ নাই।' রবীন্দ্রনাথের বিভিন্ন কবিতায় ও গানে জীবন ও মৃত্যু একাকার হয়ে গেছে। তাই রবীন্দ্রসঙ্গীত শুধু জীবনের গান নয়—মহাজীবনের গান। মরণের বিষন্ন ক্লান্তি এসে যখন জীবনের রোদ্দুর মুছে দিয়ে যায়, জীবনের অপরাহ্ণ-আকাশ যখন ছায়া-মেদুর হয়ে ওঠে মৃত্যু ভাবনার তমালশ্যাম মেঘমালায়; তখন আমরা একমাত্র শান্তির আশ্রয় খুঁজে পাই তাঁর গানে—'জীবনমরণের সীমানা ছাড়ায়ে/বন্ধু হে আমার রয়েছ দাঁড়ায়ে', কিম্বা – 'মরণ রে, তুঁহু মম শ্যামসমান'। জীবনকে তিনি জীবনের গণ্ডীর মধ্যে দেখেননি, উপলব্ধির অনন্ত নীলিম আকাশ থেকে দেখেছেন বলেই জন্ম ও মৃত্যুর মধ্যে কোনো সীমারেখা তিনি খুঁজে পাননি। জীবনের উপকূল থেকে অশ্রুনদীর সুদূরপারে বৈতরণীর খেয়াঘাট তাঁর শুদ্ধচেতনার আলোয় উদ্ভাসিত হয়ে উঠেছে। চিরন্তন মৃত্যুর ঘুমে 'জীবন' শুধু ক্ষণিকের স্বপ্ন, আর শ্যামসমান যে মরণ, সে এই স্বপ্নতরীর কাণ্ডারী। জীবনের খেয়ানৌকোকে মরণ শুধু এক ঘাট থেকে আরেক ঘাটে পৌঁছে দেয়—'প্রেম বলে যে যুগে যুগে/তোমার লাগি আছি জেগে, মরণ বলে আমি তোমার জীবনতরী বাই।' তাই মৃত্যু রবীন্দ্রনাথের কাছে মৃত্যু নয়, এক জীবন থেকে আরেক জীবনে যাওয়ার পথ। ব্যক্তিগত জীবনে এত মৃত্যুশোকের পরও তাই কবি নির্বিকার চিত্তে বলতে পারেন—'তবুও শান্তি, তবু আনন্দ, তবু অনন্ত জাগে।' রবীন্দ্রনাথকে তাই ২৫শে বৈশাখ আর ২২শে শ্রাবণের গণ্ডীতে রাখতে ইচ্ছে করে না, তাঁর জন্ম নেই, তাঁর মৃত্যু নেই, তিনি ছড়িয়ে আছেন কালের পরিধি পেরিয়ে অনন্তলোকে, সমস্ত যুগের সমস্ত মানুষের চেতনায়।

### বার্ষিক সম্মেলন

সাগরদীঘি : সম্প্রতি নিখিলবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি সাগরদীঘি সার্কেল শাখার ২৫তম সম্মেলন অনুষ্ঠিত হয় সিহারা হাই স্কুলে। সভায় ৬৫ জন শিক্ষক প্রতিনিধি, জেলা প্রতিনিধি এবং ভ্রাতৃত্বমূলক প্রতিনিধি উপস্থিত ছিলেন। আগামী বছরের জন্য নির্বাচিত হয়েছেন নরেশচন্দ্র সাহা সভাপতি, অনিলকুমার চক্রবর্ত্তী ও শচীন্দ্রনাথ সরকার সহ-সভাপতি, জয়গোপাল চক্রবর্ত্তী সম্পাদক, সন্তোষ ভট্টাচার্য্য ও শুভেন্দু চ্যাটার্জী সহ-সম্পাদক এবং কোষাধ্যক্ষ হয়েছেন অক্ষয়কুমার দাস।

# National Thermal Power Corporation Ltd.

( A Government of India Enterprise )

(NTPC)

**FARAKKA SUPER THERMAL POWER PROJECT**

P. O. NABARUN– 742236 DIST. MURSHIDABAD : WEST BENGAL

GRAM : THERMPOWER

Sealed tenders are invited from experienced and registered contractor of NTPC/CPWD/Railways/WBSEB and Public Sector Undertaking for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should sent Rs. 20/- (Rupees twenty) only extra for the work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of 'National Thermal Power Corporation Ltd., payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The tender documents for sl. no. 1 & 2 will be on sale from 17. 5. 86 to 5. 6. 86 & for sl. no. 3 will be on sale from 20. 5. 86 to 10. 6. 86 from 9-00 to 12-00 hours and 14-30 to 16-00 hours. Tenders will be received upto the tender opening date and time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx value of work | Amt. of EMD Cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Annual Horticulture maintenance works for ty. township, Field Hostel area and plant site area of FSTPP. N. I. T. No. FS:42:CS:599/T-20/86. | 2.00 Lakh | Rs. 4, 000,00<br>Rs. 50,00 | One year | 7. 6. 86 at 3 p.m. |
| 2. | Construction of office cum transit camp and stores for 400KV Farakka Jeerhat transmission line at plant township of FSTPP N. I. T. No. FS:42:CS:295/T-21/86. | 6.02 Lakh | Rs. 12,000,00<br>Rs. 50,00 | Five Months | 7. 6. 86 at 3 p.m. |
| 3. | Construction of Sattelite earth station building including plumbing, sanitary and internal electrification works complete at plant site of FSTPP N. I. T. No. FS:42:CS:856/T-22/86. | 89.00 Lakh | Rs. 50,000,00<br>Rs 200,00 | One year | 14. 6. 86 at 3 p.m. |

**Terms & Conditions :**

1. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tender.
2. Interested parties are advised to visit the site to familiarise with the site condition.
3. Tenders received late and/or without Earnest Money will not be entertained. Adjustment of Earnest Money against running account bill is not acceptable and Earnest Money to be

P. T. O.

submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite Earnest Money in prescribed form. Earnest Money of—enclosed should clearly be written on the top of the envelope containing tender paper, failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s).

4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.

5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer and reserves the right to cancell any or all the offers without assigning any reason.

6. For sl. no. 3 contractors having successfully completed similar type of prestigious building works with award value not less than Rs. 60·00 lakhs against a single order need only apply for tender documents.

**Dy. Manager ( Contracts )**

Farakka Super Thermal Power Project (NTPC)

## তেনু সেখ নাম প্রত্যাহারের সাথে দলত্যাগও করলেন

রাজনৈতিক সংবাদদাতাঃ গত ৭ মে অবশেষে জেলা মার্কসবাদী ফরওয়ার্ড ব্লকের মুর্শিদাবাদ জেলা সেক্রেটারীর ফোনের নির্দেশকে সম্মান দিয়ে তেনু সেখ জঙ্গিপুর পুরসভার ১৫নং ওয়ার্ড থেকে নির্বাচনে নাম প্রত্যাহার করে নিলেন। বামফ্রন্টের প্রার্থী হিসেবে রইলেন নিমাই সেনগুপ্ত। তেনু সেখের সঙ্গে এক সাক্ষাতকারে জানা যায় তিনি শুধু তাঁর দলের উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশেই নমিনেশন ফাইল করেননি, এ বিষয়ে লোকাল বামফ্রন্ট কমিটিও ২৩ মার্চ সর্বসম্মতিতে প্রস্তাব নেয় যে তেনু সেখ সি, পি, এম এর প্রতীক চিহ্ন নিয়ে ঐ আসনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। সেই অনুযায়ী তেনু সেখ প্রস্তুত হচ্ছিলেন। কিন্তু সহসা ১৯ এপ্রিল বামফ্রন্ট কমিটির শেষ সভায় সি, পি, এম দল তাঁকে জানান তাঁরা নিজেরাই ঐ আসনে লড়বেন এবং তেনু সেখকে ঐ আসন ছেড়ে দেবেন না। এদিকে ২২ এপ্রিল জেলা মার্কসবাদী ফরওয়ার্ড ব্লকের সম্পাদক তাঁকে চিঠি দিয়ে নমিনেশন পেপার ফাইল করতে বলেন ও জানান ২৭ এপ্রিল রাজ্য স্তরে মীমাংসা হবে এবং ঐ আসন তাঁরা ছাড়বেন না। সেই মত তেনু সেখ দলের নির্দেশেই নমিনেশন পেপার ফাইল করেন ২৩ এপ্রিল। এদিকে সি, পি, এম দলের লোকাল কমিটি আর কোন আলোচনা না করেই ২৪ এপ্রিল নিমাই সেনগুপ্তকে দিয়ে নমিনেশন পেপার ফাইল করান। অগত্যা তেনু সেখ সমস্ত ঘটনা জেলা ও প্রদেশ স্তরে জানান। সেই সঙ্গে রাজ্য সভাপতি রাম চ্যাটার্জীকেও রেজিস্ট্রি পত্রযোগে ঘটনা জানিয়ে করণীয় পন্থা জানতে চান। নাম প্রত্যাহারের দিন ৭ মে জেলা সম্পাদক পুনরায় ফোনে তাঁকে নাম প্রত্যাহারের নির্দ্দেশ দিলে তিনি দলীয় কর্তৃপক্ষের নির্দ্দেশ মেনে নিয়ে নাম প্রত্যাহার করেন। কিন্তু সাথে সাথে ক্ষোভে দুঃখে দলের যাবতীয় কর্মভার এমন কি সাধারণ সভ্যপদও ত্যাগ করেন। তাঁর পদত্যাগ পত্রে তিনি দলকে জানান, যে দল সংযুক্ত মোর্চায় থেকেও সামান্য পুরসভা নির্বাচনে ১৫টি আসনের মধ্যে ১টিও আদায় করতে সক্ষম হয় না, সে দলের কর্মী হ'য়ে নিজের রাজনৈতিক ভবিষ্যত ও আদর্শকে অন্যের কর্তৃত্ব দাপটের তলায় বন্ধক দিতে তিনি রাজী নন।

## মে দিবস শত বার্ষিকীর মিছিল ও শ্রমিক সমাবেশ

ধুলিয়ান : মে দিবস উপলক্ষে গত ১ মে ধুলিয়ান ও পার্শ্ববর্ত্তী এলাকায় বিপুল উৎসাহ ও উদ্দীপনায় মধ্য দিয়ে মে দিবস উদযাপন করা হয়। মে দিবসের ঐতিহাসিক মুহূর্তটিকে স্মরণ করে সারা ভারত ফরওয়ার্ড ব্লক, এস, ইউ, সি, আই ও সি, পি, আই (এম) ইউনিয়নের উদ্যোগে পতাকা উত্তোলন, মিছিল ও আলোচনা চক্রের আয়োজন করা হয়। ইউ, টি, ইউ, সি, (লেনিন সরণী) আয়োজিত ডাক বাংলা মোড় অনুষ্ঠানে—আমরা আনবো নতুন দিন, ক্লান্ত আমরা ব্যথ শ্রমে, অন্ন জোটাতে দু'বেলা দু'মুঠো, মরে আছি তাই এই জীবনে—উদ্বোধনী সংগীত এবং ধুলিয়ানে—টি, ইউ, সি, সির এ যুগ পয়লা মে, এ দেশ পয়লা মে, পয়লা মে ডাক দেয় শোন ভাই সংগীতের পর মে দিবসের তাৎপর্য সম্পর্কে বক্তব্য রাখেন কমঃ ইউসুফ হোসেন, সুজিত মুন্সী, দীপক তলাপাত্র, কমঃ আবদুস সইদ, দারিকানাথ দাস ও সত্যদেব গুপ্ত। কমঃ ইউসুফ হোসেন আক্ষেপ করে বলেন, মে দিবসের শতবর্ষেও অগণিত শ্রমিক ট্রেড ইউনিয়নের বাইরে। শ্রমজীবী মানুষের ঐক্যবদ্ধ সংগ্রামে ভীত মালিক শ্রেণী মে দিবসকে ক্যালেণ্ডারের পাতা থেকে মুছে দিতে চেয়েছে। অন্য দিকে শ্রমিক শ্রেণীর আদর্শে অনুপ্রাণিত মানুষ বজ্র কঠোর প্রতিজ্ঞা নিয়ে এই দিনটিকে বিভিন্ন ভাবে পালন করছেন। দেশে দেশে শ্রমজীবী মানুষ নিজেদের অস্তিত্ব রক্ষার জন্য লড়াই চালিয়ে যাচ্ছেন। শ্রমজীবী মানুষের এই মে দিবসের শতবর্ষে তাঁদের অধিকার প্রসারিত করতে বক্তারা আহ্বান জানান।

## জন্মদিনের প্রতিশ্রুতি

( ১ম পৃষ্ঠার পর )

দেখিয়াছে অন্যায় অবিচার, অপসাংস্কৃতিক লীলা বিলাস, বিচারের নামে মিথ্যা প্রহসন সেখানেই তাহার দৃষ্টি নিরপেক্ষ লেখনী প্রতিবাদে মুখর হইয়া উঠিয়াছে। নূতন বর্ষের যাত্রাপথে 'জঙ্গিপুর সংবাদ' তাহার মতাদর্শের নবীকরণ করিতেছে, অন্যায় অসত্যের মুখোশ টানিয়া খুলিতে সে বদ্ধপরিকর। সাধারণ মানুষের সুখ দুঃখ অভাব অভিযোগের নিরপেক্ষ সংবাদ পরিবেশনে সে কৃতসংকল্প। অগণিত পাঠক, গ্রাহক, বিজ্ঞাপনদাতা, শুভার্থী—সকলের প্রতি সে জানাইতেছে তাহার কৃতজ্ঞতা এবং শুভেচ্ছা।

## রবীন্দ্র জয়ন্তী মহকুমার দিকে দিকে

গত ২৫ বৈশাখ বালিয়া নেতাজী সংঘের উদ্যোগে কবিগুরুর ১২৫তম জন্মজয়ন্তী উদ্যাপত হয় সংঘ প্রাঙ্গণে। সভাপতিত্ব করেন নারায়ণচন্দ্র সাহা ও প্রধান অতিথি ছিলেন পঙ্কজ সাহা।

* *

ধুলিয়ানে অগ্রগামী মহিলা সমিতি গত ২৫ বৈশাখ রবীন্দ্রনাথের জন্মজয়ন্তী নানা অনুষ্ঠানের মাধ্যমে পালন করেন। পৌরোহিত্য করেন দীপক তলাপাত্র। তিনি তাঁর ভাষণে রবীন্দ্র প্রতিভার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে "হে নূতন দেখা দাও আরবার", 'ঐ মহামানব আসে' এবং 'হে চির নূতন' তিনটি রবীন্দ্র সংগীতই সুন্দরভাবে গীত হয়ে সভাস্থ সকলের মনোরঞ্জন করে।

# National Thermal Power Corporation Ltd.

(NTPC)

( A Government of India Enterprise )

FARAKKA SUPER THERMAL POWER PROJECT

P. O. NABARUN—742236 DIST. MURSHIDABAD : WEST BENGAL

GRAM : THERMPOWER

## Contract Services Department

Sealed tenders are invited from experienced and resourceful contractors for the following work :

| Sl. No. | Name of work | Approx value of work (Rs.) | Earnest money (Rs) | Cost of tender paper | Completion period |
|---|---|---|---|---|---|
| 1. | Carrying out different types of labour oriented jobs at water treatment plant at plant site of FSTPP. N. I. T. No. FS:42:CS.0 & M·892/T-23/86. | 0.90 lakh | Rs. 1800/- | Rs. 25/- | One year |
| 2. | Operation & Maintenance of water supply system at plant site of FSTPP. N. I. T. No. FS:42:CS:893/T-24/86 | 0.36 lakh | Rs. 720/- | Rs. 25/- | One year |

Tender documents can be obtained from this Office on payment of Rs. 25/- ( Rupees twenty five ) from 21-5-86 to 4-6-86 from 9-00 to 12-00 hours and 14-30 to 16-00 hours and will be received latest by 5-6-86 at 14·00 hours(2 p.m.) and will be opened immediately thereafter in presence of attending tenderers or their authorised representatives. Interested parties have to produce proof of registration, credentials, tax clearance certificates at the time of obtaining tender forms and should be submitted alongwith tender. Tenders received late/or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender papers, alongwith the tender paper at the time of submission.

NTPC does not bind itself to accept the lowest or any other tender and reserves the authority to accept a tender in whole or in part or reject any or all the tenders submitted without assigning any reason.

**Dy. Manager ( Contracts )**
NTPC/FSTPP.
P. O. Nabarun
Dist. Murshidabad

## Tender Notice

Sealed tenders are invited from bonafied persons for licence of Ramna Seikh Dighi tank for three years or seven years commencing from* 1st Sraban 1393 B. S. Separate rates should be given for 3 years as well as for 7 years. Lowest price for 7 years will be 1,20,000/- and for 3 yaars it will be 40,000/-. Other terms and condition for such tender will be available from Office of the undersigned. Last date of depositing tender on Wasif Manzil Place, Murshidabad is 2 P. M. of 29 5. 86. A security of Rs. 2,000/- for both 3 years and 7 years will have to be deposited by Bank Draft in S. B. I. Lalbagh or by Challan along with the tender. This security is binding for all persons including individual, fishery Club and co-operative societies.

**Estate Manager**
Murshidabad Estate

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ

## প্রত্যাশা ছিল অনেক

(১ম পৃষ্ঠার পর)

নির্দলীয় জোট সমস্যা কাটিয়ে উঠলো। ঠিক এই সময় ঘাট ইজারার কোঁদলে আর একবার নির্দলীয় জোটে টলমল ভাব দেখা গেল। কিন্তু যে ভাবেই হোক বিক্ষুব্ধ রাজারাম মুন্দ্রাকে সন্তুষ্ট রেখে টলতে টলতেই পথ চললো নির্দলীয় জোট। ফলশ্রুতি এ বছরের ঘাটের দুলাখ টাকা ক্ষতি করে বিক্ষোভ চাপা দেওয়া।

এসব দেখেশুনেই পুরবাসীরা অস্থির হয়ে উদ্ধারের পথ খুঁজতে পরবর্তী নির্বাচনকে ভরসাস্থল ভাবছিলেন। কংগ্রেস এবছর প্রতীক নিয়ে নামবে জানতে পেরে তাঁরা অনেক প্রত্যাশা নিয়ে বসেছিলেন। ভেবেছিলেন, এবার তাঁরা বেছে নেবেন দু'রাজনৈতিক দলের যে কোন একটিকে। তাতে আর যাই হোক, রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা হবে, ব্যক্তি স্বার্থরক্ষার তাগিদ থাকবে না। কিন্তু তাঁরা হতাশ হয়ে লক্ষ্য করলেন কংগ্রেস আবির্ভূত হলো সুসংবদ্ধ দল হিসাবে নয়, গোষ্ঠীকোন্দলে বিভক্ত ব্যক্তিস্বার্থ রক্ষাকারী দল হিসাবে। এঁরা যাঁদেরকে প্রার্থী হিসাবে দাঁড় করালেন, তাঁদের অধিকাংশই কংগ্রেসের আদর্শ মেনে চলেন কিনা তাতে যথেষ্ট সন্দেহ আছে। তদুপরি সহজ জয়ের সুযোগ নিতে কংগ্রেস দলও নির্বিবাদে যারা পুরসভাকে ব্যক্তিস্বার্থে কুক্ষিগত করে রাখতে চায় জনগণকে উপেক্ষা করে, এমন ব্যক্তিদেরও নমিনেশন দিতে কুণ্ঠিত হলেন না। দলের মধ্যে এই নিয়ে প্রতিবাদের ঝড় উঠলেও তা অগ্রাহ্য করে তাঁরা নিজেদের জিদ বজায় রেখে চললেন। তারই ফলে বিভিন্ন ওয়ার্ডে পুরাতন কংগ্রেস সেবীদের অনেকেই নির্দলীয় হয়ে দলীয় প্রার্থীর বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হয়েছেন। শুধু কংগ্রেস দলই নয়, বামফ্রন্ট সহজ জয়ের লক্ষ্য সামনে রেখে গতবারের বিরুদ্ধ নির্দলীয় প্রার্থীদের নমিনেশন দিয়েছেন। এ এক অদ্ভুত খেলায় মেতেছেন রাজনৈতিক দলগুলো। পুরনির্বাচনের প্রাক্কালে তাই দেখা যাচ্ছে শহরের বিভিন্ন ওয়ার্ডে জনসেবার ধুম পড়ে গেছে। গলিতে গলিতে পাড়ায় পাড়ায় জননেতার উদ্ভব হয়েছে। সকলেই নেতা হতে চাইছেন, সেবক হতে চাইছেন না কেউ। এদের মধ্যে থেকেই ১৫ জুন বেছে নিতে হবে নেতা। এ বড় দুরূহ কাজ। তাই জনসাধারণের মন থেকে প্রত্যাশা যাচ্ছে হারিয়ে, নেমে আসছে হতাশার কালো মেঘ।


**বসত জমি বিক্রি ও ঘর ভাড়া**

মিঞাপুরের পাশে বাণীপুরে পিচ সড়ক লাগোয়া উঁচু জমি বাড়ি বা কারখানা গড়ার জন্য সস্তায় বিক্রি হচ্ছে। এবং রঘুনাথগঞ্জ বাজার যাওয়া রাস্তায় দোকান করার জন্য দুটি ঘর ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ—জেরক্স ঘর রঘুনাথগঞ্জ।

নিখুঁত টিভি
**প্যানোরামা**
**এক বছরের গ্যারান্টিসহ**
বিক্রেতা :
টেলি ষ্টার ইলেকট্রনিক্স
রঘুনাথগঞ্জ, ফুলতলা, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ টিভি সারভিসিং করা হয়।

**বিয়ের যৌতুকে, উপহারে ও নিত্যব্যবহারের জন্য সৌখীন ষ্টীল ফার্ণিচার**

এখানে বিশিষ্ট কোম্পানীর ষ্টীল আলমারী, সোফা কাম বেড, ষ্টীল চেয়ার, ফোল্ডিং খাট, ডাইনিং টেবিল, পিউরো ওয়াটার ফিল্টার ইত্যাদি ন্যায্য দামে পাবেন। এছাড়া অফিসের জন্য গোদরেজ, রাজ এণ্ড রাজ, বোম্বে সেফের যাবতীয় আসবাবপত্র কোম্পানীর দামে সরবরাহ করা হয়।

সহজ কিস্তিতে বিভিন্ন সামগ্রী বিক্রয়ের ব্যবস্থা আছে

**সেনগুপ্ত ফার্ণিচার হাউস**
রঘুনাথগঞ্জ ( সদরঘাট ) মুর্শিদাবাদ

ফোন : ১১৫
জনের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর প্রাইজ ব্রেড
বিরাপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১০

**যৌতুকে VIP**
**সকল অনুষ্ঠানে VIP**
**ভ্রমণের সাথী VIP**
**এর জুড়ি কি আর আছে!**
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বসন্ত মালতী**

**রূপ প্রসাধনে অপরিহার্য**

সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী





রঘুনাথগঞ্জ (পিন—৭৪ ২২৫) পণ্ডিত প্রেস হতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।